# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী কর্তৃক বিবাদমান দুই ব্যক্তিকে আলাদা করে দেওয়া

## ذِكْرُ فَرْقُ الْمُصَلِّي بَيْنَ الْمُقْتَتِلَيْنِ فِي صَلَاتِهِ

আরবী

2350 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنِ الْحَكَمِ عَنْ يَحْيَى بْنِ الْجَزَّارِ عَنْ أَبِي الصَّهْبَاءِ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ فَجَاءَتْ جَارِيَتَانِ مِنْ بَنِي عَبْدِ الْمُطَّلِبِ تشتدَّان اقْتَتَلَتَا فَأَخَذَهُمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَزَعَ إِحْدَاهُمَا مِنَ الْأُخْرَى وَمَا بَالَى بِذَلِكَ.
الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2350 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (710).

বাংলা

২৩৫০. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকদের নিয়ে সালাত আদায় করছিলেন এমন সময় বানূ আব্দুল মুত্তালিব গোত্রের দুইজন বালিকা আসলো, তারা একে অন্যের সাথে প্রচন্ড মারামারিতে লিপ্ত হয়। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের দুইজনকে ধরে একজনকে অপরজন থেকে পৃথক করে দেন। আর এতে তিনি কোন ভ্রুক্ষেপ করেননি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২৩৮১; আবূ দাঊদ: ৭১৭; সুনান বাইহাকী: ২/২৭৭; মুসনাদ আহমাদ: ১/২৩৫; আত তায়ালিসী: ২৭৬২; ইবনুল জা‘দ: ১৬৩; নাসাঈ: ২/৬৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৩৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91671

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন